

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬০১৮/২৬৮

তারিখ : ২৯-০৬-২০২২ খ্রি.

বিষয় : চলমান এডহক কমিটি বাতিল করা প্রসঙ্গে

সূত্র : ক) জেলা শিক্ষা অফিসার, যশোর-এর ২৬-০৬-২০২২ খ্রি. তারিখের ৩৭.০২.৪১০০.০০১.৯৯.০১১.১৭-৬২৮ নং স্মারকপত্র।  
খ) জনাব মোঃ মঈনুদ্দীন হোসেন (অভিযোগকারী) ১৫-০৬-২০২২ খ্রি. তারিখের আবেদন। (আইডি নং-১৬৬৪১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন খাজুরা এম. এন. মিত্র মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোঃ বজলুর রহমান সম্পূর্ণ অবৈধভাবে সরকারের অনুমতি ছাড়া স্বপদে এক্সটেনশন নিয়ে তার নিজ স্বাক্ষরে তৃতীয় বারের মত এডহক কমিটি গঠন করেছেন, যা সম্পূর্ণ অবৈধ মর্মে আনীত অভিযোগের বিষয়ে জেলা শিক্ষা অফিসার, যশোর তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, এমপিও নীতিমালা-২০২১ এর প্রবিধান-১১.১১ অনুযায়ী সরকারের অনুমোদন ব্যতীত প্রধান শিক্ষক হিসেবে ১৫-০৫-২০২২ খ্রি. হতে ১৭-০৬-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত দায়িত্ব পালন এবং ০৫-০৬-২০২২ খ্রি. তারিখে নবগঠিত এডহক কমিটির প্রস্তাব শিক্ষা বোর্ডে প্রেরণ বিধিসম্মত হয়নি। এমতাবস্থায়, প্রতিবেদনের আলোকে এ বোর্ড হতে ০৯-০৬-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৬০১৮/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১১০৫ নং স্মারক পত্রে অনুমোদিত এডহক কমিটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

খাজুরা এম. এন. মিত্র মাধ্যমিক বিদ্যালয় (১১৫৯৭৫)

ডাকঘর : গৌরনগর, উপজেলা : যশোর সদর, জেলা : যশোর

১৯৩  
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫

তারিখ : ২৯-০৬-২০২২ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৬০১৮/২৬৮(১-৯)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সভাপতি, এডহক কমিটি, খাজুরা এম. এন. মিত্র মাধ্যমিক বিদ্যালয়, গৌরনগর, যশোর সদর, যশোর।
- ৭। জনাব মোঃ মঈনুদ্দীন হোসেন (অভিযোগকারী), খাজুরা এম. এন. মিত্র মাধ্যমিক বিদ্যালয়, গৌরনগর, যশোর সদর, যশোর।
- ৮। জনাব মোঃ বজলুর রহমান, প্রাক্তন প্রধান শিক্ষক, খাজুরা এম. এন. মিত্র মাধ্যমিক বিদ্যালয়, গৌরনগর, যশোর সদর, যশোর।
- ৯। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর